



LIBERTY

JUSTICE

EQUALITY

**CENTRE FOR PROTECTION OF DEMOCRATIC RIGHTS AND SECULARISM
(CPDRS)**

WEST BENGAL STATE COMMITTEE

Office: 77/2, Lenin Sarani, Kolkata- 700 013

Mob: 9883717575, 8420094883

Email: cpdrs.india@gmail.com

বাংলাদেশের সাম্প্রতিক ঘটনাবলী প্রসঙ্গে মানবাধিকার সংগঠন সিপিডিআরএস এর রাজ্য সম্পাদক রাজকুমার বসাক আজ (০৮.০৮.২০২৪) এক বিবৃতিতে বলেন,

"বাংলাদেশের বৈষম্যবিরোধী ছাত্র আন্দোলন তথা সাধারণ মানুষের গণবিক্ষেপকে দমন করতে সে দেশের সরকার লাঠি, গুলি, টিয়ার গ্যাস দিয়ে শত শত ছাত্রযুবককে হত্যা করেছে। ইতিপূর্বে, আমরা মানবাধিকার সংগঠন সিপিডিআরএস এই বর্বরোচিত রাষ্ট্রীয় সন্ত্রাসের তীব্র নিন্দা জানিয়েছি।

সেদেশের ছাত্র আন্দোলন যে জনজোয়ার সৃষ্টি করেছিল, তার তীব্র অভিঘাতে প্রধানমন্ত্রীকে পদত্যাগ করতে হয়। পরবর্তী ঘটনাক্রম জটিল আকার নেয়। বঙ্গবন্ধুর মৃত্যু ভাঙ্গা ও সংখ্যালঘু হিন্দুদের ওপর আক্রমণের খবর আসতে থাকে, আবার বৈষম্যবিরোধী ছাত্র আন্দোলনকারীরা এবং সংখ্যাগুরু সম্প্রদায়ের অধিকাংশ মুসলিমরা সুযোগসন্ধানী সমাজ বিরোধীদের অপকর্মের অপচেষ্টা রূপে দেওয়ার যে উজ্জ্বল দৃষ্টান্ত স্থাপন করেছেন, তার খবরও আসতে থাকে।

আমরা অত্যন্ত উদ্বেগের সঙ্গে লক্ষ্য করছি, আমাদের দেশে বিশেষ করে পশ্চিমবঙ্গে, বাংলাদেশের ঘটনাকে কেন্দ্র করে আরএসএস-বিজেপি ঘৃণ্য সম্প্রদায়িক রাজনীতি শুরু করেছে। ভুয়ো খবর, গুজব ছড়িয়ে ধর্মীয় উন্মাদনা সৃষ্টি করার চেষ্টা করছে, দাঙ্গার পরিবেশ সৃষ্টি করছে। আমরা মানবাধিকার সংগঠন সিপিডিআরএস, আরএসএস-বিজেপির এই ঘৃণ্য সম্প্রদায়িক রাজনীতির তীব্র নিন্দা জানাই। পাশাপাশি, এই পরিস্থিতিতে ধর্মনিরপেক্ষ শুভবুদ্ধিসম্পন্ন সচেতন নাগরিকদের কাছে ধর্ম বর্ণ জাতির উর্ধে উঠে মানুষে মানুষে বিভেদ সৃষ্টির অপচেষ্টা রূপে দেওয়ার আবেদন জানাই।"

সংবাদদাতা

রাজীব সিকদার

অফিস সম্পাদক